

হোলসেলার ও ডিস্ট্রিবিউটরদের জন্য স্বাদগন্ধযুক্ত তামাকজাত দ্রব্য ও ই-সিগারেটের নির্দেশিকা

2019 সালে নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্থানীয় আইন 228 চালু করে যে কোনো আকারের স্বাদগন্ধযুক্ত ইলেক্ট্রনিক সিগারেট (ই-সিগারেট) এবং স্বাদগন্ধযুক্ত ই-লিকুইডের বিক্রয় নিষিদ্ধ করে। এছাড়াও 2019 এর স্থানীয় আইন 228 অনুসারে এইসব জিনিস বিক্রয় করা বা বিক্রয় করার উদ্দেশ্যে রাখা নিষিদ্ধ করা হয়। এই আইনটি যুবসমাজকে ই-সিগারেটে আসক্ত হওয়া থেকে সুরক্ষিত করে, কেননা অনেক যুবক-যুবতীর কাছে ই-সিগারেট জাতীয় পণ্য আকর্ষণীয়। এপ্রিল 2020 তে, নিউ ইয়র্ক স্টেটের বাজেট আইনেও এইসব জিনিস বিক্রয় করার উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। জনস্বাস্থ্য আইন §§ 1399-MM-1, 1399-MM-2 এবং 1399-MM-3 দেখুন।

রিটেইলার আইন মেনে চলছে কিনা সেই ক্ষেত্রে হোলসেলার ও ডিস্ট্রিবিউটরদের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। শিপমেন্ট ফেরত পাঠিয়ে আইন মেনে চললে হোলসেলার ও ডিস্ট্রিবিউটরদেরও ভালো হবে ও লক্ষণ হবে না ও জরিমানাও করা হবে না।

2019 এর স্থানীয় আইন 228 অনুসারে স্বাদগন্ধযুক্ত তামাকজাত দ্রব্যের বিক্রয় নিষিদ্ধ করার বর্তমান আইনে ই-সিগারেট ও ই-লিকুইড (কখনও কখনও লিকুইড নিকোটিনও বলা হয়) যোগ করা হয়েছে। ই-সিগারেট এবং ই-লিকুইড ছাড়াও, তামাকজাত দ্রব্য হল সিগার, সিগারিলো, লিটিল সিগার, সিগার রোপ, ধোঁয়াহীন তামাক (চিবিয়ে খাওয়া তামাক, নস্যের মতো করে নেয়া ও দ্রবীভূত হওয়া তামাকজাত দ্রব্য সহ), লুজ তামাক (পাইপ টোব্যাকো ও নিজে তৈরি করে সেবনের তামাক), ব্লান্ট রোপ, স্লাস এবং শিশা (তামাক ও অ-তামাকজাত উভয়ই)। 2009 সালের রাষ্ট্রীয় আইন অনুসারে তামাক ও মেশ্বল ছাড়া সিগারেটে স্বাদ যোগ করা নিষিদ্ধ। ই-সিগারেটের জন্য এবং সিগারেট ব্যতীত (তামাকজাত দ্রব্য বা OTP ব্যতীত) তামাকজাত দ্রব্যের জন্য যে সব স্বাদ বিক্রি করার অনুমতি দেয়া হয় সেগুলি আলাদা।

জুলাই 1, 2020 থেকে নিউ ইয়র্ক সিটির তামাকজাত দ্রব্য ও ই-সিগারেটের খুচরা দোকানগুলি **কেবল** এইসব বিক্রয় করতে পারবে:

- যাদের ই-সিগারেটের লাইসেন্স আছে: তামাকের স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন ই-সিগারেট বা ই-লিকুইড/লিকুইড নিকোটিন। এর মধ্যে সমস্ত নিষ্পত্তিযোগ্য, রিফিলযোগ্য এবং ট্যাঙ্ক-ভিত্তিক ভ্যাপিং পণ্য অন্তর্ভুক্ত।
- যাদের তামাকজাত দ্রব্যের লাইসেন্স আছে: তামাক, মেশ্বল, মিন্ট বা উইন্টারগ্রীন স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন OTP এবং তামাক, মেশ্বল, মিন্ট বা উইন্টারগ্রীন স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন সিগারেট।

হোলসেলার ও ডিস্ট্রিবিউটরদেরকে NYC আইনের এইসব পরিবর্তনের পাশাপাশি NYC বা নিউ ইয়র্ক স্টেটের কোনো স্থান থেকে অর্ডার প্রক্রিয়া করার সময় স্টেটের নতুন বিধি সম্পর্কে জানতে ও বুঝতে অনুরোধ করা হচ্ছে। NYC নিষেধাজ্ঞার অধীনে নিউ ইয়র্ক সিটির রিটেইলারদের থেকে উপরের কোনো স্বাদগন্ধযুক্ত জিনিস দেয়া বা নেয়া করবেন না এবং NYC-এর কোনো রিটেইলারকে এইসব স্বাদগন্ধযুক্ত জিনিস বিক্রয় করবেন না। প্যাকেজিং বা মার্কেটিংয়ে শব্দ, রঙ বা ছবির মাধ্যমে স্বাদগন্ধের বর্ণনা দেয়া হতে পারে। উদাহরণস্বরূপ, "spicy" (ঝাল) বা "sweet" (মিষ্টি) এর মতো শব্দের মাধ্যমে সাধারণত স্বাদগন্ধকে বোঝানো হয়। সামনের মাসগুলিতে, কোন পণ্য বিক্রয় করা যাবে না তা সম্পর্কে আমরা আরো নির্দেশিকা জানাব।

NYC রিটেইলারদের স্বাদগন্ধযুক্ত পণ্য সরবরাহ করার জন্য হোলসেলারদের বিরুদ্ধে জরিমানা করা হবে। NYC-এর মধ্যে একজন লাইসেন্সপ্রাপ্ত হোলসেলার আইনত স্বাদগন্ধযুক্ত তামাকজাত দ্রব্য ও ভেপিং পণ্য বিক্রয় করতে পারে এমন রিটেইলার বা অন্যান্য হোলসেলারকে এগুলি বিক্রয় করতে পারে।

যেহেতু ই-সিগারেট এবং ই-লিক্যুইডে ব্যাটারি এবং নিকোটিন আকারে বিপজ্জনক বর্জ্য থাকে তাই, রিটেইলারা তাদের সাধারণ বর্জ্য প্রবাহে এগুলি নষ্ট করতে পারবেন না। হোলসেলারদের এমন পণ্য সংগ্রহের ব্যবস্থা স্থাপন করতে উত্সাহ দেওয়া হচ্ছে যা NYC-তে আর বিক্রি করার অনুমতি নেই।

নিউ ইয়র্ক স্টেটের পরিবর্তন সম্পর্কে আরো জানুন: tax.ny.gov/bus। NYC তামাক ও ই-সিগারেট নিয়ন্ত্রণ আইন সম্পর্কে আরো জানতে nyc.gov/health যান ও "tobacco laws" (তামাক সংক্রান্ত আইন) দেখুন অথবা 311 নম্বরে কল করে বলুন যে আপনি তামাক বা ইলেক্ট্রনিক সিগারেট রিটেল ডিলার।